

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৬, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(পৌর শাখা-৩)

প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে কার্তিক, ১৪০৭ বাংলা/ ১৩ ই নভেম্বর, ২০০০ ইংরেজী।

এস, আর, ও নং ৩৩৭-আইন/২০০০—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস,আর, ও নং ২৪৫-আইন/২০০০, তারিখ ২৭-০৭-২০০০ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য চট্টগ্রাম জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু Paurashava ordinance, 1977(XXVI of 1977) এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতা বলে এবং Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১লা অগ্রহায়ণ, ১৪০৭ বাংলা, ১৫ই নভেম্বর, ২০০০ইং তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি ফটিকছড়ি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

| তফসিল     |               |                     |          |          |
|-----------|---------------|---------------------|----------|----------|
| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম           | জে,এল,নং | দাগ নং   |
| ১         | ২             | ৩                   | ৪        | ৫        |
| (১)       | রাংগামাটিয়া  | উত্তর রাংগামাটিয়া  | ৬৭       | ০১—৯৩০৬  |
| (২)       | রাংগামাটিয়া  | দক্ষিণ রাংগামাটিয়া | ৬৮       | ০১—১০০৫৯ |
| (৩)       | ধুরুং         | উত্তর ধুরুং         | ৫১       | ০১—১৬৩৪০ |

রষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ শাখাওয়াত হোসেন  
উপ- সচিব(পৌর)।